

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০৪০.২১-

তারিখঃ ২২/১২/২০২২

বিষয়ঃ নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
সভার তারিখ : ১৫/১১/২০২২ খ্রি.
বার ও সময় : মঙ্গলবার ও সকাল ১১:০০ টা
সভার স্থান : সম্মেলন কক্ষ, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ হয়। অতঃপর সভাপতি জানান ইনস্টিটিউটের ২০২২-২০২৩ অর্থ বছরের প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। তিনি সভায় ১ম কোয়ার্টারের কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি এবং ২য় কোয়ার্টারের কর্ম পরিকল্পনা বাস্তবায়নে করণীয় বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব শাহাব উদ্দিন সরকারকে অনুরোধ জানান।

উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি জানান, কর্ম-পরিকল্পনা অনুযায়ী নৈতিকতা কমিটির ২য় সভা অনুষ্ঠিত হচ্ছে। ১ম সভার সিদ্ধান্তের আলোকে শুদ্ধাচার সম্পর্কিত প্রশিক্ষণ এ মাসে আয়োজন করা প্রয়োজন। তিনি আরো জানান, ইনস্টিটিউটের কর্মপরিবেশ উন্নয়নের জন্য কর্ম-পরিকল্পনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ইনস্টিটিউটের উদ্যান পরিষ্কার পরিচ্ছন্ন করা, ফুলের চারা রোপন করা, অফিস, শ্রেণিকক্ষ, আবাসিক ভবনের কক্ষসমূহ নিয়মিত পরিচ্ছন্ন করা হচ্ছে মর্মে তিনি সভায় জানান। সভায় কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত একটি কমিটি গঠন বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ আব্দুল জাক্বার সভায় জানান, বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত আছে। তিনি আরও জানান যে, ১ম কোয়ার্টারে মোট বরাদ্দের ১৭.৫% ব্যয় করা হয়েছে।

সহকারী পরিচালক (প্রশাসন) জনাব আবদুল কাইয়ুম সভায় জানান গত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশাসনিক ভবনের ৪র্থ তলায় হেল্প ডেস্কসহ ভিজিটর স্পেস স্থাপন করা হয়েছে এবং ৪র্থ তলায় ০১টি টয়লেট মহিলাদের জন্য সংরক্ষণ করা হয়েছে। সভায় কর্ম-পরিকল্পনায় উল্লিখিত অংশীজনের অংশগ্রহণে ০২টি সভার ০১টি এ মাসে আয়োজন বিষয়ে আলোচনা করা হয়।

সভায় নির্ধারিত প্রশিক্ষণ কার্যক্রমের অতিরিক্ত হিসেবে ডিসেম্বর মাসে প্রশিক্ষণার্থীদের মানবিক বিকাশে দিনব্যাপী খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান সুবিধামত সময়ে করার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অবশিষ্ট সময়ে আন্তরিক থাকার জন্য সদস্যগণের প্রতি অনুরোধ জানান।

আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

০১. নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে।
০২. আগামী ২৪/১১/২০২২ তারিখে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।
০৩. আগামী ২৯/১১/২০২২ তারিখে অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করতে হবে। উক্ত সভায় নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ উপস্থিত থাকবেন।

- (ক) প্রশিক্ষণার্থী: ৫০ জন
(খ) যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে: ২/৩ জন
(গ) প্রশিক্ষণ সম্পন্ন করেছেন এরূপ যুব/ যুবনারী: ০৫ জন
(ঘ) যুব উন্নয়ন অফিসার, সাভার: ০১ জন
(ঙ) কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার থেকে: ০১ জন
(চ) যুব সংগঠন: ৩/৪ জন

চলমান পাতা-২

০৪. বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে পরিকল্পনা অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
০৫. ইনস্টিটিউট এর কর্ম পরিবেশ উন্নয়নের জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হয়:

কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি:

ক্রমিক নং	নাম ও পদবী	মন্তব্য
০১.	জনাব শাহাব উদ্দিন সরকার উপপরিচালক (প্রশাসন ও অর্থ)	আহ্বায়ক
০২.	ড. মোঃ শহীদুল ইসলাম সহকারী পরিচালক (প্রশিক্ষণ)	সদস্য
০৩.	জনাব মোঃ হুমায়ূন কবির সহকারী পরিচালক	সদস্য
০৪.	জনাব মোঃ আব্দুস সাত্তার হোস্টেল সুপারিনটেনডেন্ট	সদস্য
০৫.	জনাব মোঃ আবদুল কাইয়ুম সহকারী পরিচালক (প্রশাসন)	সদস্য সচিব

কার্যপরিধি: কমিটি ইনস্টিটিউটের কর্ম-পরিবেশ নিয়মিত পর্যালোচনা করবে এবং কর্ম পরিবেশ উন্নয়নের জন্য নিয়মিত কার্যক্রম গ্রহণ করবে।

০৬. প্রতি কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সভা পরবর্তী কোয়ার্টারের ১ম সপ্তাহে আয়োজন করতে হবে।
০৭. প্রশিক্ষণার্থীদের মানবিক বিকাশের লক্ষ্যে ডিসেম্বর/ ২০২২ মাসে দিনব্যাপী খেলাধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক

ও

সভাপতি, নৈতিকতা কমিটি
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন : ০২-২২৪৪২৬০৩০
ই-মেইল : dgshniyd@shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.০৬.০৪০.২১- ১৬৬৮

তারিখঃ ২০.১১.২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ০১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০২। জনাব, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।
- ০৪। অফিস কপি।

শাহাব উদ্দিন সরকার
২০.১১.২২

শাহাব উদ্দিন সরকার
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।